

## 💵 সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৬৫০

পবিত্রতা (كتاب الطهارة)
পরিচ্ছেদঃ ৫৯. তাইয়াম্মুম

بَابُ التَّيَمُّم

## আরবী

حَدَّثَنَا أَبُو سَعِيدٍ مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ إِبْرَاهِيمَ الْمَرْوَزِيُّ ، ثَنَا مُحَمَّدُ بْنُ خَلَف بْنِ عَبْدِ اللَّهِ بْنِ جَمِيلِ بْنِ مِهْرَانَ الْعَزِيزِ بْنِ عُتْمَانَ بْنِ جَبَلَةَ ، نَا أَبُو حَاتِمٍ أَحْمَدُ بْنُ حَمْدَوَيْهِ بْنِ جَمِيلِ بْنِ مِهْرَانَ الْمَرْوَزِيُّ ، ثَنَا أَبُو مُعَاذٍ ، نَا أَبُو عِصِمْةَ ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ ، عَنِ الْأَعْرَجِ ، عَنْ أَبِي الْمَرْوَزِيُّ ، ثَنَا أَبُو مُعَاذٍ ، نَا أَبُو عِصِمْةَ ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ ، عَنِ الْأَعْرَجِ ، عَنْ أَبِي جُهَيْمٍ ، قَالَ : " أَقْبَلَ رَسُولُ اللَّهِ \_ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ \_ مِنْ بِئْرِ جَمَلٍ ، إِمَّا مِنْ غَائِطٍ أَوْ مِنْ بَوْلٍ ، فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيَّ السَّلَامَ ، فَضَرَبَ الْحَائِطَ بِيَدِهِ ضَرْبَةً غَائِطٍ أَوْ مِنْ بَوْلٍ ، فَسَلَّمْتُ عَلَيْهِ فَلَمْ يَرُدَّ عَلَيَّ السَّلَامَ ، فَضَرَبَ الْحَائِطَ بِيَدِهِ ضَرْبَةً فَمَسَحَ بِهَا ذِرَاعَيْهِ إِلَى الْمِرْفَقَيْنِ ، ثُمَّ رَدَّ عَلَيَّ السَّلَامَ ،

قَالَ أَبُو مُعَاذٍ: وَحَدَّثَنِي خَارِجَةُ ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَطَاءٍ ، عَنْ مُوسَى بْنِ عُقْبَةَ ، عَنِ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَم مِثْلَهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَ مِثْلَهُ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَ مِثْلَهُ

## বাংলা

৬৫০(৬). আবু সাঈদ মুহাম্মাদ ইবনে আবদুল্লাহ ইবনে ইবরাহীম আল-মারওয়াযী (রহঃ) ... আবু জুহাইম (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মলত্যাগ করে অথবা পেশাব করে জামাল কূপের দিক থেকে এলেন। আমি তাঁকে সালাম দিলে তিনি আমার সালামের উত্তর না দিয়ে একটি দেয়ালে একবার তার হাত মারেন এবং তা দিয়ে নিজের মুখমণ্ডল মসেহ করেন, তারপর আবার দেয়ালে হাত মারেন এবং তা দিয়ে উভয় হাত কনুই সমেত মসেহ করেন, তারপর আমার সালামের উত্তর দেন।

আবু মুআ্য (রহঃ) বলেন, আমার নিকট খারিজা (রহঃ) আবদুল্লাহ ইবনে আতা-মূসা ইবনে উকবা-আল-আ'রাজ-আবু জুহাইম (রাঃ)-নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম সূত্রে পূর্বোক্ত হাদীসের অনুরূপ বর্ণনা করেছেন।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ জুহায়ম আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন